

২০২০
বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ কোর্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস, ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কয়টি খণ্ডে রচিত? শেষ খণ্ডের নাম কি?
- খ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?
- গ) কবি কৃত্তিবাস কোথায় জন্মগ্রহণ করেন? কোন্ কবি তাকে ‘এ বঙ্গের অলংকার’ বলেছেন?
- ঘ) চর্যাপদের পুঁথি কে আবিষ্কার করেন? তিনি সেটি কি নামে প্রকাশ করেছিলেন?

- ঙ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে আখ্যান কয়টি? সেগুলির নাম লেখো।
- চ) ‘কন্টক গাড়ি কমলসম পদতল’ কোন পর্যায়ের পদ? পদকর্তা কে?
- ছ) ‘এক দিঠ করি ময়ুর ময়ুরী / কঠ করে নিরীক্ষণে’
— কার কথা বলা হয়েছে? ‘দিঠ’ শব্দের অর্থ কি?
- জ) ‘ধর্মমঙ্গল’ কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থটি কোন্ কবির রচনা? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?
- ঝ) সাধক কবি কমলাকান্তের পৈতৃক নিবাস কোথায়? তিনি কী জাতীয় গান রচনা করে বিখ্যাত হয়ে আছেন?
- ঞ) ‘আমার শপতি লাগে’ পদটিতে কে কাকে শপথ করাচ্ছেন?
- ট) ‘অক্ষরবৃত্ত’ ছন্দ আর কি কি নামে পরিচিত?
- ঠ) ‘শ্লেষ’ অলংকার কয়প্রকার ও কি কি?
- ড) বাংলা ভাষায় শ্রেষ্ঠ মহাভারত অনুবাদকের নাম কি? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?
- ঢ) গৌড়ীয় বৈষ্ণব ধর্মের পঞ্চরসের নাম লেখো।
- ণ) যমক অলংকারের সংজ্ঞা লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) যে কোনো দু’টি অলংকারের সম্বন্ধে আলোচনা করো :
অনুপ্রাস, উৎপ্রেক্ষা, শ্লেষ।
- খ) ছন্দোলিপি প্রণয়ন করো :
বাঁকানো চাঁদের সাদা ফালি

তুমি বুঝি খুব ভালবাসতে?

চাঁদের শতক আজ নহে তো

এ যুগের চাঁদ হল কাস্তে।

গ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

ঘ) টীকা লেখো (যে-কোনো দুটি) :

চৈতন্য ভাগবত, কাশীরাম দাস, রামপ্রসাদ সেন।

ঙ) ‘গৌরচন্দ্রিকা কাকে বলে? সব গৌরান্ধবিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয় কেন?

চ) ‘ভাবসম্মিলন’ কাকে বলে? তোমার পাঠ্য এই পর্যায়ের পদটির কাব্যসৌন্দর্য আলোচনা করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।

খ) পূর্বরাগ কাকে বলে? তোমার পঠিত পূর্বরাগের পদটি আলোচনা করে সেটির আধ্যাত্মিক তাৎপর্য বিচার করো।

গ) বাংলা ভাষায় রচিত শ্রেষ্ঠ চৈতন্য জীবনী কাব্য কোনটি? সেই কাব্যটির বৈশিষ্ট্য আলোচনা করো।

ঘ) অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।